



নীলফামারীতে মাসব্যাপী অ্যাথলেটিকস্ প্রশিক্ষণের উদ্বোধন

সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি ■

নীলফামারীতে অনুর্ধ্ব-১৫ বালিক-বালিকাদের নিয়ে মাসব্যাপী অ্যাথলেটিকস্ প্রশিক্ষণ শুরু হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় নীলফামারী জেলা ক্রীড়া অফিস আয়োজনে এবং নীলফামারীর জেলা ক্রীড়া সংস্থা সহযোগিতায় ওই প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। গত মঙ্গলবার নীলফামারী জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কমসূচি ২০২৩-২৪ এর আওতায় নীলফামারীর সদর উপজেলায় অনুর্ধ্ব-১৫ বালক বালিকাদের নিয়ে মাসব্যাপী অ্যাথলেটিকস্ প্রশিক্ষণের শুভ উদ্বোধন হয়েছে।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নীলফামারী জেলা স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (উপসচিব) মো.

সাইফুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নীলফামারী সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মো. মাহমুদুল হাসান সাগর। নীলফামারী জেলা ক্রীড়া সংস্থার অতিরিক্ত সাধারণ সম্পাদক মো. তরিকুল ইসলাম গোলাপের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন নীলফামারী জেলা ক্রীড়া অফিসার মো. আবুল হাসেম। এতে সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন প্রশিক্ষার্থী অংশ গ্রহণ করছেন। এর আগে প্রশিক্ষার্থীদের যাছাই-বাছাই পর্বে নীলফামারী সদর উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের ১১০জন শিক্ষার্থী অংশ নেন।

পরে তাদের মধ্যে থেকে ৪০ জনকে অ্যাথলেটিকস্ প্রশিক্ষণের জন্য বাছাই করা হয়েছে।